# জল নষ্ট জল কষ্ট

- স্নেহাশিস পালিত, ২৭-০৮-২০২০

'জলই জীবন' এ কথাতো সবাই জানি,
সমূহ বিপদ জল যদি হয় একটু অভিমানী।
প্রযুক্তি হবে যুক্তহীন সভ্যতারই মাঝে,
দেখা দেবে প্রকৃতি রুক্ষ ধূসর সাজে।

ভাবতে হবে গভীর ভাবে জলের প্রয়োজন,
জলের উৎস, উপস্থিতি, তার সংরক্ষণ।
ভূগর্ভস্থ জলের অভাব বাড়ছে দ্রুতভাবে,
বাড়ছে দূষণ আর্সেনিকের বুঝব আর কবে!

সময় এলো সংরক্ষণে দিতে হবে জোর,
ঘুচবে তবে জলকষ্ট, আসবে নতুন ভোর।
পুকুর, ডোবা, খাল, বিল উৎস যত আছে,
অবহেলায় ফেলে রাখা সত্যি আজ মিছে।

বৃষ্টির জল ফেলনা নয় অনেক উপকারী,
অভাব মেটায় বছর ভর যদি রাখতে পারি।
ছাদের জল ধরে রাখো যোগাবে ইন্ধন,
করতে হবে সঞ্চয়, শোধন ও বন্টন।

রান্নাবান্না, পানীয়, স্নান, কৃষিকাজের জন্য,
বৃষ্টির জল হতেই পারে উৎকৃষ্ট অনন্য।
জল হল এক সম্পদ প্রকৃতির দান,
দিতে পারে অসময়ে সঠিক যোগান।

জল সরবরাহে খরচ হ্রাস, বন্যা প্রতিরোধে,
বৃষ্টির জল সংরক্ষণ হোক বিনা প্রতিবাদে।
গ্রামে, শহরে, কৃষিকাজে জলের উৎস করে,
সাজাতে হবে সভ্যতাকে পরিকল্পনা গড়ে।

# জীবনদায়ী জল

*অরিন্দম দে, স্বেচ্ছাসেবী,*
*প্রিজ্‌ম, ২৫/০৭/২০২০*

বারি, পানি, নীর, অম্বু, উদক, সলিল, তোয়,
সবই জলের আরেক নাম জীবনেরও নাম হয় ।
যে নামেই ডাকো না তুমি, নেইকো কাজের ফের,
নষ্ট একে করলে পরে পাবেই পাবে টের ।
প্রকৃতির এই সম্পদ জেনো অমূল্য এই জীবনে,
বর্ণহীন এই উপাদানটি জীবনেতে রং আনে।
হাইড্রোজেন আর অক্সিজেন এর যৌগ হল এটি,
নোনা কিংবা মিষ্টি স্বাদে পাবে স্বাদহীন জলটি।
নানানভাবে নানান স্থলে জলতো আছে তিন ভাগে,
এরই একভাগে স্থলজ প্রাণীর কেন অভাব লাগে?
নোনা জলের ভাগ যে অনেক সমস্তটুক জলে,
মিষ্টি পানীয় জলের আকালে ভুগছি দলে দলে।
চারদিকেতে জল থৈ থৈ তবু জল তো নাহি পাই,
তেষ্টাতে আজ ফাটছে ছাতি জলটা তো আজ চাই।
জলের অভাব নেই তো হেথা বিশুদ্ধ জল কই?
নানাভাবে জলের দূষণ সুস্থ তো কেউ নই।
ভূগর্ভের জল অনেক লাগাই বহু ফসলী চাষে,
মাটির তলার আর্সেনিক বিষ জলের সাথে মেশে।
তারও পরে জল অপচয় হতেই আছে আজও,
অমূল্য জল হচ্ছে নষ্ট, কষ্ট পাচ্ছে প্রাণও।
শিল্পবর্জ্য, কীট মারা বিষ, নানা পথে মেশে জলে,
জলের প্রাণীরা হাঁসফাঁস করে, জল দূষণের ফলে।
নদী-নালা আজ দূষিত হয়েছে সভ্যতা বিষবাষ্পে,
কেমনে ধরণী উঠবে ভরে ধনধান্যে পুষ্পে।
বলতেই পারো তোমরা সবাই 'আছে তো পকেটে টাকা'
পয়সা দিয়েই জল কিনে খাবো হোকনা ভূতল ফাঁকা।
হরেক মোড়কে জলের বোতল, বিকোচ্ছে হেথা সেথা,
সে জলে যে কতনা গরল, বুঝবে পেলে পরে ব্যথা।
'জলের মতন সহজ' কথাটি বলাটা নয়কো কঠিন,
সহজে জলের প্রাপ্তি আজ জলকে করেছে মূল্যহীন।
জলের গুরুত্ব বুঝেই আজকে হও সবে সচেতন,
পয়সাতেও জল মিলবে না জেনো, পাও না যতই বেতন।
জল অপচয় আর কভু নয়, জল কে বাঁচাতে হবে,
ভবিষ্যতের যীশু দের তরে আগুয়ান হও সবে ।

